# রিয়েল চর্চা । ব্যবসায় শিক্ষা

এক মলাটেই সকল ভার্সিটির প্রশ্ন সমাধান

# ভার্সিটি সল্যুশন

## ঢাবি, জাবি, রাবি, চবি ও গুচ্ছ প্রশ্নের ব্যাখ্যাসহ সমাধান

- ঢাবি, জাবি, রাবি, চবি ও গুচ্ছ'র শুরু থেকে বর্তমান
- প্রতিটি প্রশ্নের ব্যাখ্যা ও প্যারালাল তথ্য
- অধ্যায় অনুযায়ী প্রশ্ন সংযোজন ও বিশ্লেষণ
- বিশুদ্ধ উত্তর ও প্রাসঙ্গিক ব্যাখ্যা প্রণয়ন
- জটিল প্রশ্নের ইজি বা শর্টকাট সমাধান
- নতুন বইয়ের তথ্যানুসারে উত্তর বিশ্লেষণ

**শুরু থেকে বর্তমান**

**জটিল প্রশ্নের সহজ সমাধান**
**ভার্সিটি রিয়েল চর্চার অনন্য অবদান**

**বিগত সালের সর্বশ্রেষ্ঠ সংকলন**
**ভুল নয়, সঠিক তথ্যের প্রতিফলন**

দি নেটওয়ার্ক
রিসার্চ এন্ড পাবলিকেশন্স

NETWORK

আসপেক্ট সিরিজ
পাঠ্যবইকে সহজ করার প্রয়াস

১০১/এ, গ্রীণরোড, ফার্মগেট, ঢাকা।
প্রয়োজনে: মো. হোসেন আলী [০১৭১৩ ৫৪১৬১৫]
অফিস: ০১৭১৩ ২৬০৭২১-২৬

page : facebook.com/Aspectadmission
group : facebook.com/groups/aspectseries
e-mail: aspectseries@gmail.com
www.edunetworkbd.com

সম্পাদনায়ঃ

| | | |
|---|---|---|
| হিসাববিজ্ঞান | : | মো. নিলয় আমিন, মো. রায়হান আবেদীন (ঢাবি) |
| ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা | : | মো. মুশফিকুল হাসান (ঢাবি) |
| উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন | : | মো. মুশফিকুল হাসান (ঢাবি), মো. রাশেদ মুন্না (জবি) |
| ফিন্যান্স ব্যাংকিং ও বিমা | : | মো. মুশফিকুল হাসান (ঢাবি) |
| ইংরেজী | : | মো. রাতুল হাসান তূর্য, মো. বাপ্পি হোসেন |
| বাংলা | : | রায়হান (ঢাবি), মায়েদা (ঢাবি), লাভলী (ঢাবি) |

সার্বিক তত্ত্বধানে ঃ মোঃ আলিফুজ্জামান ফিরোজ (জবি)

| | | |
|---|---|---|
| প্রকাশকাল | ঃ | সেপ্টেম্বর ২০২৪ |
| প্রকাশক | ঃ | অ্যাডভোকেট আলফিনা কালাম |
| গ্রন্থস্বত্ব | ঃ | প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত |
| বর্ণবিন্যাস ও প্রচ্ছদ | ঃ | দি নেটওয়ার্ক কম্পিউটারস, ঢাকা। |
| মূল্য | ঃ | ৭৪০.০০ (সাতশত চল্লিশ) টাকা। |


**www.aspectseriesbd.com** ভিজিট করে সকল লাইব্রেরির নাম, ঠিকানা ও ফোন নম্বর জেনে নিন

| | | |
|---|---|---|
| ভর্তি বিষয়ক যে কোন আপডেট পেতে<br>facebook.com/aspectadmission | অনলাইনে অর্ডার করতে<br>www.aspectseriesbd.com | সরাসরি অর্ডার করতে<br>01976-466200 |

আমাদের সেবা: ঘরে বসে কুরিয়ারে বই পেতে তোমার নাম, উপজেলা, জেলা ও বইয়ের নাম, সংখ্যা লিখে **SMS** করুন এবং নির্ধারিত টাকা বিকাশ করুন: ০১৭৮১ ১১৬ ৩৫৫ (Payment) ১সেট নিলে কুরিয়ার সার্ভিস চার্জ সম্পূর্ণ ফ্রি

**সতর্কীকরণ:** প্রকাশক বা লেখকের অনুমতি ব্যতীত এই বইয়ের অংশ বিশেষ বা হুবহু নকল করে বা ফটোকপি করে ছাপানো অথবা অনলাইন ডিস্ট্রিবিউশন কপিরাইট আইনানুযায়ী দন্ডনীয় অপরাধ। এমন কাজে লিপ্ত ব্যক্তিকে আইন অনুযায়ী জেল-জরিমানা বা উভয় দন্ডে দন্ডিত করা হবে। উল্লেখ্য গবেষণা, ব্যক্তিগত লেখাপড়া ও প্রশ্নপত্র প্রণয়নের ক্ষেত্রে এই বিধি নিষেধ প্রযোজ্য নয়।

**যে কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় ভাল করতে সকল বিশ্ববিদ্যালয়ের প্রশ্ন সলভ করতেই হবে**

# মান বণ্টন

## ২০২৩-২৪ সেশন অনুযায়ী বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার নম্বর বণ্টন

### ঢাবি 'C' ইউনিট বিষয়ভিত্তিক মানবণ্টন

| | |
|---|---|
| MCQ-60 | বাংলা=(১২×১), ইংরেজি=(১২×১), হিসাববিজ্ঞান=(১২×১), ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা=(১২×১), উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন=(১২×১) অথবা ফিন্যান্স ব্যাংকিং ও বিমা=(১২×১) মোট ৬০ নম্বর; সময় ৪৫মিনিট |
| Written-40 | বাংলা=(৮×১), ইংরেজি=(৮×১), হিসাববিজ্ঞান=(৮×১), ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা=(৮×১), উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন=(৮×১) অথবা ফিন্যান্স ব্যাংকিং ও বিমা=(৮×১) মোট ৪০ নম্বর; সময় ৪৫মিনিট |

### রাবি 'B' ইউনিট বিষয়ভিত্তিক মানবণ্টন

| | |
|---|---|
| MCQ-95 | বাংলা=(১৫×১), ইংরেজি=(৩০×১), হিসাববিজ্ঞান =(৩০×১), ব্যবসায় সংগঠন ব্যবস্থাপনা=(২০×১), মোট ৯৫ নম্বর; সময় ৬০মিনিট |

### জাবি 'E' ইউনিট বিষয়ভিত্তিক মানবণ্টন

| | |
|---|---|
| MCQ-80 | বাংলা=(১৫×১), ইংরেজি=(৩০×১), গণিত= (১৫×১), হিসাববিজ্ঞান= (২০×১) মোট ৮০ নম্বর; সময় ৬০মিনিট |

### চবি 'C' ইউনিট বিষয়ভিত্তিক মানবণ্টন

| | |
|---|---|
| MCQ-65 | ইংরেজি=(৩৫×১), বিশ্লেষণ মূলক দক্ষতা= (১৫×১), সমস্যা সমাধান মূলক দক্ষতা=(১৫×১) মোট ৬৫ নম্বর; সময় ৬০মিনিট |

### গুচ্ছ বিশ্ববিদ্যালয় 'C' ইউনিট বিষয়ভিত্তিক মানবণ্টন

| | |
|---|---|
| MCQ-100 | বাংলা=(১৫×১), ইংরেজি=(১৫×১), হিসাববিজ্ঞান=(৩৫×১), ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা= (৩৫×১) মোট ১০০ নম্বর; সময় ৬০ মিনিট |

আসপেক্ট সিরিজের বই একসেট, নিজেকে রাখো আপডেট

# সূচিপত্র


| নং | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| | **SECTION-A: সাম্প্রতিক প্রশ্ন বিশ্লেষণ ও সমাধান (২০২৩-২৪)** | |
| 01 | ঢাকা বিশ্ববিদ্যালয় (C-Unit) ২০২৩-২৪ | 01-09 |
| 02 | জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (E-Unit) ২০২৩-২৪ | 10-17 |
| 03 | রাজশাহী বিশ্ববিদ্যালয় (B-Unit) ২০২৩-২৪ | 18-23 |
| 04 | চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (C-Unit) ২০২৩-২৪ | 24-27 |
| 05 | গুচ্ছ অধিভুক্ত বিশ্ববিদ্যালয় (C-Unit) ২০২৩-২৪ | 28-36 |
| | **SECTION-B: অধ্যায় অনুযায়ী বিগত সালের প্রশ্নের ব্যাখ্যাসহ সমাধান** | |
| ➤ | হিসাববিজ্ঞান | 37-183 |
| ➤ | ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা | 184-246 |
| ➤ | উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন | 247-269 |
| ➤ | ফিন্যান্স ব্যাংকিং ও বিমা | 270-295 |
| ➤ | বাংলা | 296-352 |
| ➤ | ইংরেজি | 353-463 |


## বিগত প্রশ্ন, ব্যাখ্যাসহ সমাধান ও প্যারালাল তথ্য

| UNIVERSITY | TOTAL QUESTION |
|---|---|
| DU (C) | 13 Years |
| JU (E) | 13 Years |
| RU (B) | 13 Years |
| CU (C) | 13 Years |
| GST (C) | 13 Years |


- ভর্তির গাইডলাইন
- ভর্তির তথ্যকণিকা
- বইয়ের কনটেন্ট ও প্রাপ্তিস্থান

ভর্তি বিষয়ক পূর্ণাঙ্গ প্রস্তুতির জন্য ভিজিট করো
www.aspectseriesbd.com

SCAN ME

যুক্ত থাক আসপেক্ট সিরিজের সাথে
page facebook.com/aspectadmission
Group: ASPECT-Admission Solution

# ঢাকা বিশ্ববিদ্যালয়
## (ব্যবসায় শিক্ষা অনুষদ)

পূর্ণমান- ১০০ সময়- ১ ঘন্টা ৩০ মিনিট

গ-ইউনিট ২০২৩-২৪

## বাংলা

**01. 'নিম' উপসর্গটির অর্থদ্যোতনা হচ্ছে –**

A. নেতি B. তিক্ত
C. অর্ধেক D. নীচ

**C Explanation** ফারসি উপসর্গ: নিম, ফি, বে, দর, কার, বদ, না, বর , ব, কম ইত্যাদি। 'নিম্' ফারসি উপসর্গ যা 'আধা/অর্ধেক' অর্থে প্রযুক্ত হয়। যেমন- নিমরাজি, নিমখুন। নিচে ফারসি উপসর্গ যেসব অর্থে ব্যবহৃত হয় তা দেওয়া হলো:

■ **ফারসি উপসর্গ:**

| | | | | |
|---|---|---|---|---|
| কার | : | কাজ | অর্থে | কারখানা, কারসাজি, কারচুপি। |
| দর | : | মধ্যস্থ, অধীন | " | দরপত্তনি, দরপাট্টা, দরদালান। |
| না | : | না | " | নামঞ্জুর, নাখোশ, নালায়েক। |
| নিম | : | আধা | " | নিমরাজি, নিমমোল্লা, নিমখুন। |
| ফি | : | প্রতি | " | ফি রোজ, ফি হস্তা, ফি বছর। |
| বদ | : | মন্দ | " | বদমেজাজ, বদরাগী, বদবখ্ত |

**02. শুদ্ধ বানান কোনটি?**

A. পুরস্কার B. তিরষ্কার
C. পরিস্কার D. আবিস্কার

**A Explanation** ঋ, র, ষ এর পর অ, আ, স্বরধ্বনি থাকলে ষত্ব বিধান অনুসারে 'ষ' না হয়ে 'স' হয়। যেমন- পুরস্কার, তিরস্কার, নমস্কার ইত্যাদি। **বাকি শব্দগুলোর শুদ্ধরূপ:** পরিষ্কার, আবিষ্কার, তিরস্কার।

**03. আঠারো বছর বয়স বেঁচে থাকে কীসে?**

A. বেদনায় B. দুর্যোগে আর ঝড়ে
C. আঘাতে D. অসহ্য বেদনায়

**B Explanation** আলোচ্য চরণটি সুকান্ত ভট্টাচার্যের 'আঠারো বছর বয়স' কবিতার ২৬তম চরণ । কবির ভাষায়,

এ বয়স বাঁচে দুর্যোগে আর ঝড়ে,
বিপদের মুখে এ বয়স অগ্রণী

(অর্থাৎ জাতীয় জীবনের দুর্যোগময় মুহূর্তে এ বয়সের তরুণরাই অগ্রণী ভূমিকা রাখে। দেশকে সকল প্রকার বিপদ থেকে রক্ষা করতে এ বয়সীরা অগ্রণী ভূমিকা রাখে।)

**04. লিঙ্গান্তর হয় না, এমন শব্দ কোনটি?**

A. সাহেব B. বেয়াই
C. কবিরাজ D. সঙ্গী

**C Explanation** **কিছু গুরুত্বপূর্ণ নিত্য পুরুষবাচক শব্দ:** কবিরাজ, ঢাকী, কৃতদার, অকৃতদার ইত্যাদি।

● বাকি শব্দগুলোর লিঙ্গান্তর: সাহেব-বিবি, বেয়াই-বেয়াইন, সঙ্গী-সঙ্গিনী।

**05. 'বেহাই সম্প্রদায়ের আর যাই থাক, —— থাকাটা দোষের।' বাক্যটির শূন্যস্থানে বসবে ——।**

A. রাগ B. জেদ
C. খেদ D. তেজ

**D Explanation** প্রশ্নোক্ত লাইনটি রবীন্দ্রনাথ ঠাকুরের 'অপরিচিতা' গল্প থেকে নেওয়া হয়েছে। **তিনি শম্ভুনাথবাবুর চুপচাপ ভাব দেখিয়া ভাবিলেন, লোকটা নিতান্ত নির্জীব, একবারে কোনো তেজ নাই। বেহাই সম্প্রদায়ের আর যাই থাক, তেজ থাকাটা দোষের, অতএব মামা মনে মনে খুশি হইলেন**। (অর্থাৎ শম্ভুনাথ সেন বরকে আশীর্বাদ করার জন্য যখন অনুপমের বাড়িতে আসেন, তখন তাকে চুপচাপ দেখে অনুপমের মামা খুশি হলেন। তিনি ভাবলেন, শম্ভুনাথ বাবুর কোনো তেজ নেই, না থাকাটাই ভালো। কারণ, তাকে আমাদের মতো করে চালাতে পারবে।)

**06. 'মম এক হাতে বাঁকা বাঁশের বাঁশরী আর হাতে রণ-তূর্য;' পঙ্‌ক্তিটিতে প্রতিফলিত হয়েছে ——।**

A. কবির প্রেম ও আত্মজাগরণ
B. কবির প্রেম ও বিনাশী সত্তা
C. কবির প্রেম ও সংশয়
D. কবির বিনাশী সত্তা ও আত্মজাগরণ

**B Explanation** আলোচ্য চরণটি কাজী নজরুল ইসলামের 'বিদ্রোহী' কবিতা থেকে নেওয়া হয়েছে। কবির ভাষায়,
আমি ইন্দ্রাণী-সুত হাতে চাঁদ ভালে সূর্য
মম এক হাতে বাঁকা বাঁশের বাঁশরী আর হাতে রণ-তূর্য;
অর্থাৎ তিনি রাতের অবসানকারী সূর্যালোকের মতো অন্যায় অবসানকারী (সমাপ্তকারী) জয়ন্তের মতো চাঁদ আর কপালে সূর্য। একদিকে তিনি প্রেমের বাঁশি বাজান অন্যদিকে যুদ্ধের দামামা।

**07. কবির পূর্বপুরুষ কেমন পাহাড়ের কথা বলতেন?**

A. হিমালয় B. অতিক্রান্ত
C. সুরভিত D. অতিবিলম্বিত

**B Explanation** আলোচ্য চরণটি আবু জাফর ওবায়দুল্লাহ রচিত 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতা থেকে নেওয়া হয়েছে। কবির ভাষায়,

তাঁর পিঠে রক্তজবার মতো ক্ষত ছিল।
তিনি অতিক্রান্ত পাহাড়ের কথা বলতেন
অরণ্য এবং শ্বাপদের কথা বলতেন

অর্থাৎ রক্ত জবাকে পিঠের ক্ষতের সঙ্গে তুলনা করা হয়েছে। মানুষের ওপর অত্যাচারের ইতিহাস তুলে ধরা হয়েছে এখানে। শত্রুরা ভীরু কাপুরুষের মতো ক্রীতদাসের ওপর পেছন থেকে আক্রমণ করেছে তারা হিংস্র প্রাণীকূল বলতে অত্যাচারীদের কথা বলেছেন।

**08. 'সংশয়' – এর বিপরীতার্থক শব্দ কোনটি?**

A. অপচয় B. নির্ভয়
C. বিস্ময় D. প্রত্যয়

**(D) Explanation** বাকি শব্দগুলোর বিপরীত শব্দ: অপচয়-সঞ্চয়; নির্ভয়-ভয়; বিস্ময়-প্রত্যয়।

**09. 'দেশপ্রেম' শব্দটির সঠিক উচ্চারণ ——।**

A. দেশ্প্রেম B. দ্যাশোপ্রেম
C. দেশ্পেরেম D. দেশোপ্প্রেম

**(D) Explanation** তৎসম শব্দের প্রথমে ব্যঞ্জনধ্বনির সঙ্গে যুক্ত এ ধ্বনির উচ্চারণ সংবৃত বা স্বাভাবিক হয়। যেমন: দেশ [দেশ্] , প্রেম [প্রেম্] , শেষ [শেশ্]। বাংলা ভাষায় সমাসবদ্ধ তৎসম শব্দ ব্যবহার হয়, যেগুলো পৃথক উচ্চারণে হসন্ত হলেও সমাসবদ্ধ অবস্থায় 'মধ্য-অ' রক্ষিত হয়ে 'ও'- কারের ন্যায় উচ্চারিত হয়। যেমন: রণ-তুর্য [রনোতুর্‌জো]
র-ফলা যদি শব্দের মধ্যে ও অন্তে সংযুক্ত হয় তবে মূল বর্ণটির উচ্চারণ দ্বিত হয় এবং 'র' উচ্চারিত হয়। যেমন- বিদ্রোহী [বিদ্‌দ্রোহি]

**10. 'মাটি দিয়ে গড়া যা' কথাটি এক কথায় প্রকাশ করলে কী হয়?**

A. মূর্তি B. মৃত্তিকা
C. মর্ত্য D. মৃন্ময়

**(D) Explanation** কিছু গুরুত্বপূর্ণ এক কথায় প্রকাশ:
- যা অন্য ব্যক্তিতে নেই- অনন্যসাধারণ।
- চিবিয়ে খাওয়ার যোগ্য- চর্ব্য।
- যা চোখ দিয়ে দেখা যায়- চাক্ষুষ।
- পা থেকে মাথা পর্যন্ত-আপাদমস্তক।

**11. নিচের কোনটি বাহুল্যদোষে দুষ্ট?**

A. সকল ছাত্রগণ B. পাখিসব
C. শিক্ষকমণ্ডলী D. গরুর শকট

**(A) Explanation** বাহুল্য-দোষ: প্রয়োজনের অতিরিক্ত শব্দ ব্যবহারে বাহুল্য- দোষ ঘটে এবং এর ফলে শব্দ তার যোগ্যতাগুণ হারিয়ে থাকে। যেমন: সব আলেমগণ। এখানে 'আলেমগণ' বহুবচনবাচক শব্দ। এর সঙ্গে 'সব' বহুবচন শব্দটির অতিরিক্ত ব্যবহার বাহুল্য-দোষ সৃষ্টি করেছে।

**12. 'শত্রুর আভাস পাওয়া হরিণের চোখের মতোই সতর্ক হয়ে ওঠে তার চোখ'। ——— কার চোখ?**

A. রহীমার B. জমিলার
C. আক্কাসের D. মজিদের

**(B) Explanation** "রূপ দিয়ে কী হইব? মাইন্‌ষের রূপ ক-দিনের? কদিনেরই বা জীবন তার?
ক্ষীপ্রগতির জমিলা স্বামীর পানে তাকায়। শত্রুর আভাস-পাওয়া মাত্র হরিণের চোখের মতোই সতর্ক হয়ে ওঠে তার চোখ। সৈয়দ ওয়ালিউল্লাহ্ কর্তৃক রচিত 'লালসালু' উপন্যাসে আলোচ্য উক্তিটি দ্বারা জমিলার সতর্ক অবস্থাকে বোঝানো হয়েছে।

## ইংরেজি

■ **Choose the correct words (Questions 13-16)**

**13. He climbed to the ——— of the mountain with much difficulty.**

A. base B. bottom
C. above D. top

**(D) Explanation** মাউন্টেইনের শেষ অবস্থান পর্যন্ত যাওয়া খুবই কষ্টসাধ্য। Mountain এর সর্বোচ্চ অবস্থান অর্থে top ব্যবহার হবে।

**14. She likes —— adventure books.**

A. reads B. reading
C. to reading D. read

**(B) Explanation** Like একটি Gerundial Verb। অর্থাৎ Like এর পরবর্তী Verb এর সাথে ing যুক্ত হয়। সুতরাং, Reading সঠিক উত্তর।

**15. It is high time we ——— the project.**

A. start B. started
C. starting D. start up

**(B) Explanation** It is high time এর পরে Subject থাকলে পরবর্তী Verb টি অবশ্যই Past form এ হবে।

**16. The boy was rewarded for his ——— behaviour.**

A. good B. inappropriate
C. neat D. proud

**(A) Explanation** বালকটি তার ভালো ব্যবহারের জন্য পুরস্কৃত হয়েছে। অর্থাৎ Good Behaviour.

■ **Choose the appropriate preposition (Questions: 17-19):**

**17. Ruma was shocked —— her friend's conduct.**

A. at B. of
C. with D. for

**(A) Explanation** Shock এর সাথে Preposition at বসে। Shock at-

**18. My mother is indifferent —— politics.**

A. of B. to
C. on D. for

**(B) Explanation** Indifferent to- উদাসীন।

**19. The gift was wrapped —— blue paper.**

A. by B. on
C. in D. around

**(C) Explanation** Wrapped in- মোড়ানো।

❒ **Find the correct tense (Questions 20-21):**

**20. The policeman —— the thief after a brief chase.**

A. catch B. caught
C. is caught D. catching

**(B) Explanation** After এর পূর্বে Past Indefinite Tense হয় । সেক্ষেত্রে সঠিক উত্তর হচ্ছে Caught

**21. The meeting —— postponed due to bad weather.**

A. to be B. has been
C. were D. will

**(B) Explanation** The meeting যেহেতু Singular Subject সেহেতু verb হবে singular। অর্থাৎ has been হবে।

**22. The phrase 'Down-to-eath' means-**
A. Close to nature B. soft hearted
C. Dead D. Realistic

(D) Explanation// down To earth অর্থ বাস্তবধর্মী। অর্থাৎ Realistic-বাস্তববাদী।

**23. Choose the correct synonym of 'Annihilate'.**
A. inhale B. Destroy
C. Entertain D. Forward

(B) Explanation// Annihilate শব্দের অর্থ ধ্বংশ করা। যার সমার্থক শব্দ Destroy ধ্বংশ করা। inhale-শ্বাস নেওয়া। entertain-বিনোদন, Forward-এগিয়ে যাওয়া।

**24. Which one of the following pairs is similar in relationship to PEN:INK?**
A. Words:Dictionary B. Pond:Fish
C. Water:Cloud D. Coach:Goalkeeper

(B) Explanation// কলমের মাঝে যেমন কালি থাকে, তেমনি পুকুরে মাছ থাকে। অর্থাৎ সঠিক সম্পর্ক হবে। Pen: Ink & Pond: fish.

## হিসাববিজ্ঞান

**25. শাপলা কোম্পানির নিট চলতি মূলধন ১,৮০,০০০ টাকা এবং চলতি অনুপাত ৩:২। উক্ত কোম্পানির চলতি সম্পত্তির পরিমাণ কত?**
A. ৫,৪০,০০০ টাকা B. ৭২,০০০ টাকা
C. ১,২০,০০০ টাকা D. ১,০৮,০০০ টাকা

(A) Explanation// এখানে
চলতি অনুপাত = চলতি সম্পদ : চলতি দায় = ৩ : ২
চলতি মূলধন = চলতি সম্পদ - চলতি দায় = ৩ - ২ = ১
∴ এখানে, চলতি মূলধন দেওয়া আছে, ১,৮০,০০০ টাকা
$$\therefore \text{চলতি সম্পদ} = \frac{১,৮০,০০০}{১} \times ৩ = ৫,৪০,০০০ \text{ টাকা}$$

**26. অনুপার্জিত আয়ের সমন্বয় দাখিলা --------।**
A. দায়হ্রাস করে ও রাজস্ব-আয় বৃদ্ধি করে।
B. দায়হ্রাস করে ও রাজস্ব-আয়হ্রাস করে।
C. সম্পত্তি বৃদ্ধি করে ও দায় বৃদ্ধি করে।
D. সম্পত্তি বৃদ্ধি করে ও রাজস্ব-আয় বৃদ্ধি করে।

(A) Explanation// অনুপার্জিত আয়কে প্রাথমিকভাবে দায় হিসেবে লিপিবদ্ধ করা হয়। অনুপার্জিত আয় সমন্বয় করা হলে দায়হ্রাস পায়। আয় বৃদ্ধি পায়। সেক্ষেত্রে সমন্বয় দাখিলা-
অনুপার্জিত আয় হিসাব ডেবিট → L–
সেবা আয় হিসাব ক্রেডিট → OE +/R+

**27. কোনটি বিলম্বিত মুনাফা জাতীয় খরচ?**
A. অগ্রিম ভাড়া
B. প্রাথমিক খরচ
C. অবচয়
D. পুরানো গাড়ির পুনঃসংস্করণ ব্যয়

(A) Explanation// অগ্রিম ব্যয় বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়।

**28. আর্থিক বিবরণীতে সংযুক্ত টীকায় যে তথ্য প্রদর্শন করা হয়, তা করা হয় --------।**
A. রক্ষণশীলতা নীতির জন্য B. মিলকরণ নীতির জন্য
C. ক্রয়মূল্য নীতির জন্য D. পূর্ণপ্রকাশ নীতির জন্য

(D) Explanation// যেকোনো টীকা প্রদর্শন করা হয়, 'পূর্ণ প্রকাশ নীতি' অনুযায়ী।

**29. অন্য সব কিছু অপরিবর্তিত থাকলে, নিচের কোন লেনদেনটি চলতি অনুপাতে কোনো প্রভাব ফেলবে না?**
A. দীর্ঘমেয়াদি ঋণ নিয়ে চলতি দায় পরিশোধ।
B. বিবিধ পাওনাদারকে নগদ প্রদান।
C. নগদে স্থায়ী সম্পত্তি বিক্রয়।
D. ব্যবসায়িক মজুদ পণ্য নগদে বিক্রয়

(D) Explanation// $\text{চলতি অনুপাত} = \frac{\text{চলতি সম্পদ}}{\text{চলতি দায়}}$ মজুদ পণ্য নগদে বিক্রয় করা হলে একটি চলতি সম্পদ বৃদ্ধি (নগদ) এবং আরেকটি চলতি সম্পদ হ্রাস (মজুদ পণ্য) যায়, ফলে চলতি অনুপাতে প্রভাব পড়বে না।

**30. একটি কোম্পানির আয় বিবরণীতে কর পূর্ববর্তী মুনাফার পরিমাণ ৭,০০,০০০ টাকা এবং আয়কর ২,১০,০০০ টাকা দেখানো হয়েছে। কোম্পানিটি তার** অগ্রাধিকার শেয়ারের উপর ৫০,০০০ টাকা লভ্যাংশ ঘোষণা করেছে এবং ডিবেঞ্চারের ওপর ৩,০০,০০০ টাকা সুদ প্রদান করেছে। যদি কোম্পানিটির সারাবছর ধরে ১,০০,০০০ সাধারণ শেয়ার, ১০% ১০,০০০ অগ্রাধিকার শেয়ার এবং ১৫% ২০,০০০ ডিবেঞ্চার বিলিকৃত থাকে, তবে কোম্পানির শেয়ার প্রতি আয় কত হবে?
A. ৪.৪০ টাকা B. ১.৯০ টাকা
C. ৪.৯০ টাকা D. ৪.০০ টাকা

(A) Explanation//

| | | |
|---|---|---|
| কর পূর্ব মুনাফা = | | ৭,০০,০০০ |
| (-) আয়কর | = | ২,১০,০০০ |
| কর পরবর্তী → | | ৪,৯০,০০০ |
| (-) অগ্রাধিকার শেয়ার লভ্যাংশ | | (৫০,০০০) |
| | নিট লাভ - | ৪,৪০,০০০ |

$$\therefore \text{শেয়ার প্রতি আয়} = \frac{৪,৪০,০০০}{১,০০,০০০} = ৪.৪০ \text{ টাকা}$$

**31. নিচের কোন বর্ণনা স্থায়ী সম্পদের সঠিক ব্যাখ্যা প্রদান করে?**
A. স্থায়ী সম্পদ ক্রয় করা হয় ব্যবসা করার জন্য।
B. স্থায়ী সম্পদ হচ্ছে ব্যবসা করার জন্য ক্রয়কৃত ব্যয়বহুল দ্রব্য।
C. স্থায়ী সম্পদ হচ্ছে এমন দ্রব্য যার ভবিষ্যতে কোনো প্রকার আর্থিক মূল্য থাকে না।
D. স্থায়ী সম্পদের আয়ুষ্কাল দীর্ঘ হয় এবং ভবিষ্যতে যার আর্থিক মূল্য থাকে এবং যা বিশেষ করে পুনঃ বিক্রয়ের উদ্দেশ্যে ক্রয় করা হয় না।

(D) Explanation// Option D স্থায়ী সম্পদের সঠিক ব্যাখ্যা বহন করে।

**32. রূপান্তর ব্যয় বলতে -------- বোঝায়।**

A. দ্রব্য তৈরির উৎপাদন খরচ

B. প্রত্যক্ষ কাঁচামালের ব্যয় এবং কারখানার উপরিব্যয়ের সমষ্টিগত ব্যয়

C. প্রত্যক্ষ শ্রমের ব্যয় এবং কারখানার সকল উপরিব্যয়ের সমষ্টিগত ব্যয়

D. প্রত্যক্ষ কাঁচামাল খরচ এবং প্রত্যক্ষ শ্রম ব্যয়ের সমষ্টিগত ব্যয়

**C Explanation** রূপান্তর ব্যয় = প্রত্যক্ষ শ্রম + কারখানা উপরি ব্যয়। উৎপাদন ব্যয় থেকে প্রত্যক্ষ কাচামাল বিয়োগ করলে রূপান্তর ব্যয় পাওয়া যায়।

**33. চার বছর পূর্বে ঝিলমিল ট্রেডার্স ৫,৫০,০০০ টাকা ব্যয়ে একটি অফিস সরঞ্জাম ক্রয় করে, যার ১০ বছর আয়ুষ্কাল এবং আয়ুশেষে আনুমানিক ভগ্নাবশেষ মূল্য ৫০,০০০ টাকা হবে। সরঞ্জামের ক্ষেত্রে সরল-রৈখিক অবচয় পদ্ধতি ব্যবহার করা হয়। বর্তমানে যদি এই সরঞ্জামটি ৩,০০,০০০ টাকার বিক্রয় করা হয় তা হলে লাভ বা ক্ষতির পরিমাণ কত হবে?**

A. ৫০,০০০ টাকা ক্ষতি B. লাভ ক্ষতি কোনোটাই নয়

C. ২,০০,০০০ টাকা ক্ষতি D. ৭০,০০০ টাকা ক্ষতি

**A Explanation** বার্ষিক অবচয় $= \frac{৫,৫০,০০০ - ৫০,০০০}{১০}$

= ৫০,০০০ টাকা

∴ চার বছরের পুঞ্জীভূত অবচয় = ৫০,০০০ × ৪

= ২,০০,০০০ টাকা

∴ পুস্তকমূল্য = ৫,৫০,০০০ - ২,০০,০০০ টাকা = ৩,৫০,০০০ টাকা

∴ ক্ষতি = ৩,৫০,০০০ - ৩,০০,০০০= ৫০,০০০ টাকা

**34. চৈতি লিমিটেড ভুলক্রমে বকেয়া সেবা আয়ের সমন্বয় সাধন করেনি। আর্থিক বিবরণীতে এর ফলাফল কী হবে?**

A. আয় বেশি দেখানো হবে B. দায় কম দেখানো হবে

C. সম্পত্তি কম দেখানো হবে D. মুনাফা বেশি দেখানো হবে

**C Explanation** বকেয়া সেবা আয় সমন্বয় না করার ফলে আয় কম ও সম্পদ কম দেখাবে।

**35. যদি জনাব লিমনের ব্যবসায়ে প্রারম্ভিক মূলধনের পরিমাণ ৭০,০০০ টাকা এবং সমাপনী মূলধনের পরিমাণ ১,৩০,০০০ টাকা, নিট ক্ষতির পরিমাণ ৪০,০০০ টাকা এবং উত্তোলনের পরিমাণ ৫০,০০০ টাকা হয়, তাহলে বছরব্যাপী তিনি ব্যবসায়ে কত অতিরিক্ত মূলধন প্রদান করেছেন?**

A. ১,৫০,০০০ টাকা B. ২০,০০০ টাকা

C. ৫০,০০০ টাকা D. ৩০,০০০ টাকা

**A Explanation**

| বিবরণ | টাকা | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| প্রারম্ভিক মূলধন | ৭০,০০০ | সমাপনি মূলধন | ১,৩০,০০০ |
| | | উত্তোলন | ৫০,০০০ |
| অতিরিক্ত মূলধন | ১,৫০,০০০ | নিট ক্ষতি | ৪০,০০০ |
| | ২,২০,০০০ | | ২,২০,০০০ |

**36. কালান্তিক মজুদ পদ্ধতিতে একটি পণ্য বিক্রয়কারী কোম্পানির খতিয়ানে নিচের কোন হিসাব থাকে না?**

A. ক্রয় ফেরত B. বিক্রিত পণ্যের ব্যয়

C. ক্রয় পরিবহণ D. প্রারম্ভিক মজুদ মাল

**B Explanation** • "কালান্তিক/ কালনি মজুত পদ্ধতি" এবং "অবিরাম/ নিত্য মজুত পদ্ধতি" উভয় ক্ষেত্রে সংরক্ষণ করা হয়: বিক্রয়, বিক্রয় ফেরত, বিক্রয় বাট্টা ও বহিঃপরিবহণ।

- "কালান্তিক/ কালনি মজুত পদ্ধতিতে" সংরক্ষণ করা হয়"।
- প্রারম্ভিক মজুত পণ্য, ক্রয়, ক্রয় ফেরত, ক্রয় বাট্টা ও অন্তঃপরিবহণ।

## ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা

**37. কোন প্রকার অংশীদারিত্বে মেয়াদের চুক্তি নেই?**

A. অংশীদারিত্ব ইচ্ছায় B. বিশেষ অংশীদারিত্ব

C. সীমিত অংশীদারিত্ব D. সাধারণ অংশীদারিত্ব

**A Explanation** ঐচ্ছিক অংশীদার ব্যবসায়ের সময়ের উল্লেখ থাকে না।

**38. একমালিকানা ব্যবসায়ে নিচের কোন দলিলটি প্রয়োজন?**

A. ট্রেড লাইসেন্স B. সংঘবিধি

C. চুক্তিপত্র D. সংঘস্মারক

**A Explanation** সংঘবিধি ও সংঘস্মারক কোম্পানিতে ব্যবহার করা হয়, চুক্তিপত্র অংশীদারি ব্যবসায়ে ব্যবহার হয়।

**39. একটি কোম্পানি নিবন্ধনের জন্য কতটি দলিল দাখিল করা আবশ্যক?**

A. ৬টি B. ৭টি

C. ৪টি D. ৩টি

**D Explanation** কোম্পানি নিবন্ধনের জন্য (পরিমেল নিয়মাবলি, সংঘস্মারক, নিবন্ধন পত্র) ৩টি দলিল ব্যবহার বাধ্যতামূলক।

**40. নিচের কোনটি সংগঠনের প্রাচীনতম রূপ?**

A. কমিটি সংগঠন B. সরলরৈখিক সংগঠন

C. কার্যভিত্তিক সংগঠন D. প্রকল্প সংগঠন

**B Explanation** সরলরৈখিক সংগঠন সবচেয়ে প্রাচীন সংগঠন।

**41. SWOT বিশ্লেষণের উদ্দেশ্য কী?**

A. কৌশল প্রণয়ন B. লক্ষ নির্ধারণ

C. নিয়ন্ত্রণ D. কার্য বিভাজন

**A Explanation** SWOT নিয়ন্ত্রণের একটি কৌশল।

**42. হার্জবাগের দ্বি-উপাদান তত্ত্ব অনুযায়ী নিচের কোনটি হাইজিন উপাদান?**

A. অর্জন B. স্বীকৃতি

C. নিরাপত্তা D. দায়িত্ব

**C Explanation** হাইজিন বা রক্ষণাবেক্ষণকারী উপাদানগুলো হল (নিরাপত্তা, বেতন, কাজের পরিবেশ, তত্ত্বাবধান) ইত্যাদি।

**43. MBO-এর পূর্ণরূপ কী?**

A. Management by Operations

B. Management Business Objectives

C. Management Business Operations

D. Management by Objectives

**D Explanation** MBO = Management by Objective.

**44. নাবালক অংশীদারের সাবালকত্ব প্রাপ্তির --------- দিনের মধ্যে চুক্তিতে স্বাক্ষর করতে হয়।**

A. ৩৬৫ B. ১৮০
C. ৭৩০ D. ১২০

(B) Explanation: নাবালক অংশীদার সাবালকত্ব প্রাপ্তির ১৮০ দিনের মধ্যে চুক্তিতে স্বাক্ষর করতে হবে। এতে সে সাধারণ অংশীদারে উন্নিত হবে।

**45. বৈজ্ঞানিক ব্যবস্থাপনার উদ্ভাবন কী ধরনের বিপ্লব ছিল?**

A. সামাজিক B. মানসিক
C. অর্থনৈতিক D. রাজনৈতিক

(B) Explanation: বৈজ্ঞানিক ব্যবস্থাপনার উদ্ভাবন ছিলো মানসিক বিপ্লব।

**46. শীর্ষ স্তরের ব্যবস্থাপনায় সবচেয়ে উল্লেখযোগ্য দক্ষতা হলো —।**

A. ধারণাগত B. প্রযুক্তিগত
C. পদ্ধতিগত D. জ্ঞানীয়

(A) Explanation: ধারণগত দক্ষতা শীর্ষ বা উচ্চ স্তরের ব্যবস্থাপনায় সবচেয়ে উল্লেখযোগ্য।

**47. মালিকানার স্বাধীনতা কোন পরিবেশের উপাদান?**

A. অর্থনৈতিক এবং আইনগত পরিবেশ
B. প্রযুক্তিগত পরিবেশ
C. প্রতিযোগিতার পরিবেশ
D. সামাজিক পরিবেশ

(A) Explanation: মালিকের স্বাধীনতা অর্থনৈতিক ও আইনগত পরিবেশের উপাদান।

**48. নিচের কোনটি প্রেষণার অভ্যন্তরীণ উদ্দীপক নয়?**

A. লক্ষ্য B. প্রয়োজন
C. মনোভাব D. প্রতিক্রিয়া

(D) Explanation: প্রতিক্রিয়া প্রেষণার বাহ্যিক উদ্দীপক।

## উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন

**49. নিচের কোন উপাদানকে উৎপাদনের জীবনী শক্তি হিসেবে বিবেচনা করা হয়?**

A. ভূমি B. শ্রম
C. মূলধন D. সংগঠন

(C) Explanation: মূলধন পণ্য, বাজারজাতকরণ কার্যাবলি ত্বরান্বিত করার জন্য সর্বাধিক গুরুত্বপূর্ণ।

**50. নিচের কোন উপাদানটি পণ্য ডিজাইন নির্ধারণে প্রভাব বিস্তার করে না?**

A. ক্রেতার চাহিদা B. ব্যয়
C. ক্রয় ক্ষমতা D. বন্টন ব্যবস্থা

(D) Explanation: পণ্য ডিজাইনের ক্ষেত্রে: ক্রেতার চাহিদা, আকর্ষণ, ব্যয়, ক্রয় ক্ষমতা ইত্যাদি প্রভাব বিস্তারকারী উপাদান।

**51. JIT-এর পূর্ণরূপ কী?**

A. Just In Time
B. Job Information Technology
C. Joint Inventory Tracking
D. Justified Inventory Technique

(A) Explanation: JIT = Just in Time. এটি একটি ব্যয় হ্রাস পদ্ধতি যেটি জনপ্রিয়তা Budget Friendly Company দের মধ্যে সর্বাধিক।

**52. সার্বিক মান ব্যবস্থাপনার উদ্দেশ্য কী?**

A. উৎপাদন গতি বৃদ্ধি B. কর্মী সংখ্যা কমানো
C. ধারাবাহিক পণ্যমান বৃদ্ধি D. উৎপাদন খরচ কমানো

(C) Explanation: ধারবাহিক বা নিরন্তরভাবে পণ্য মান উন্নয়ন সার্বিক মান ব্যবস্থাপনার উদ্দেশ্য।

**53. বিপণনের মৌলিক ধারণা কোনটি?**

A. উৎপাদন B. সঞ্চয়
C. ভোগ D. বিনিময়

(D) Explanation: বিনিময়, বাজার, ভোক্তা বিপণনের মৌলিক উদ্দেশ্য।

**54. বিজ্ঞাপনের মাধ্যম নির্বাচনে নিচের কোনটি বিবেচনায় নিতে হয়?**

A. পণ্যের মান B. পণ্যের উপকরণ
C. পণ্যের প্রকৃতি D. পণ্যের উৎপাদনের বছর

(C) Explanation: পণ্যের প্রকৃতি অনুযায়ী বিজ্ঞাপন তৈরি না করলে সঠিক তথ্য ভোক্তারা পাবে না। ফলে জ্ঞান গত প্রতিবন্ধকতা দুর হবে না।

**55. নিচের কোনটি শিল্প বাজার বিভক্তিকরণের ভিত্তি?**

A. আয় B. প্রযুক্তি
C. পেশা D. উপলক্ষ্য

(B) Explanation: আয়, পেশা, উপলক্ষ্য ভোক্তা বাজার বিভক্তিকরণের ভিত্তি।

**56. উৎপাদক ও পুনঃবিক্রেতা উভয় কর্তৃক বিজ্ঞাপন ও ব্যক্তিক বিক্রয় কোন ধরনের পণ্যের ক্ষেত্রে ব্যবহৃত হয়?**

A. সুবিধা পণ্য B. অযাচিত পণ্য
C. শপিং পণ্য D. বিশিষ্ট পণ্য

(B) Explanation: শপিং পণ্য সাধারণত ঘরোয়া সমস্যা সমাধান করে তাই উৎপাদক পুনঃবিক্রেতা উভয়ই বিজ্ঞাপনের মাধ্যমে ভোক্তাকে এই পণ্য সম্পর্কে ধারণা দেয়।

**57. পণ্য মূল্য নির্ধারণের উদ্দেশ্য নয় কোনটি?**

A. মুনাফা সর্বোচ্চকরণ B. বিক্রয় বৃদ্ধি
C. টিকে থাকা D. বাজার শেয়ার হ্রাস

(D) Explanation: বাজার শেয়ার হ্রাস মূল্য নির্ধারণের উদ্দেশ্য নয়।

**58. পণ্যের জীবন চক্রের কোন স্তরে পণ্যে পরিমার্জন আনা প্রয়োজন?**

A. সূচনা স্তর B. প্রবৃদ্ধি স্তর
C. পূর্ণতা স্তর D. পতন স্তর

(C) Explanation: পূর্ণতা স্তরে প্রতিযোগিতা বৃদ্ধি পায়, তাই পরিমার্জন আনা প্রয়োজন হয়।

**59. নিচের কোনটি অর্থনৈতিক পরিবেশের উপাদান নয়?**

A. মুদ্রাস্ফীতি B. জলবায়ু
C. সঞ্চয় D. বিনিয়োগ

(B) Explanation: জলবায়ু, মাটি ইত্যাদি প্রাকৃতিক পরিবেশের উপাদান।

**60. কাস্টমাইজেশনের মৌলিক দিক কোনটি?**

A. মানসম্মত পণ্য উৎপাদন
B. পণ্যের সৌন্দর্য বৃদ্ধিকরণ
C. ক্রেতার প্রয়োজন মতো পণ্য পরিমার্জন
D. ক্রয়কালীন পণ্য উৎপাদন

(C) Explanation: কাস্টমাইজেশনের মূল ভিত্তি ভোক্তার চাহিদা অনুযায়ী পণ্য তৈরি করা ভোক্তা নিজেই পণ্য Modify করে থাকে।

## ফিন্যান্স ব্যাংকিং ও বিমা

**61. সুদের হার বৃদ্ধির কারণে ভবিষ্যতে প্রাপ্ত অর্থের বর্তমান মূল্য —।**

A. অধিক হবে
B. সমান হবে
C. কম হবে
D. প্রভাবিত হবে না

**C Explanation** ধরি, সুদের হারের i = ১০%
ভারম্যতুল্য Fv = ১০০০
বছর, n = ১ বছর

$$Pv = \frac{Fv}{(1+i)^n} = \frac{1000}{(1+.10)} = ৯০০$$

তবে, সুদের হার i = ৫% = $\frac{1000}{(1+.05)}$ = ৯৫২

∴ সুদের হারের পরিবর্তে কারণে বর্তমান মূল্যের পরিমাণ হ্রাস পায়।

**62. পোর্টফোলিওতে বিনিয়োগ করা হয় --------।**

A. বিনিয়োগ বৃদ্ধির জন্য
B. বিনিয়োগ মুনাফা বৃদ্ধির জন্য
C. বিনিয়োগ ঝুঁকি হ্রাসের জন্য
D. বিনিয়োগ ব্যবস্থাপনা সহজ করার জন্য

**C Explanation** Donot put all the eggs in the same basket এটি দ্বারা অর্থায়নের পোর্টফোলিও নীতির প্রতিফলন হয়েছে। কোনো বিনিয়োগকারী যখন একাধিক সম্পদে বিনিয়োগ করে তখন তাকে Portfolio বলে এটি করা হয় মূলত ঝুঁকি হ্রাস করার জন্য। কারণে Portfolio তে একটি বিনিয়োগ লোকসান হলেও অন্য লাভজনক বিনিয়োগ থেকে তা পুষিয়ে নেওয়া যায়।

**63. দীর্ঘ-মেয়াদি অর্থায়নের ক্ষেত্রে অভ্যন্তরীণ উৎস কোনটি?**

A. চিরস্থায়ী বন্ড
B. অগ্রাধিকার শেয়ার
C. ডিবেঞ্চার
D. সংরক্ষিত মুনাফা

**D Explanation** চিরস্থায়ী বন্ড, অগ্রাধিকার শেয়ার, ডিবেঞ্চার/ ঋণপত্র অর্থায়নের বাহ্যিক উৎস।

**64. সরকার যে বন্ড ইস্যু করে তাকে -------- বলা হয়।**

A. পরিশোধযোগ্য বন্ড
B. সুরক্ষিত বন্ড
C. ট্রেজারি বন্ড
D. রূপান্তরযোগ্য বন্ড

**C Explanation** সরকার কর্তৃক ইস্যুকৃত বন্ডকে ট্রেজারি বন্ড বলে।

**65. কোনো দেশে আর্থ-সামাজিক ও রাজনৈতিক অবস্থার পরিবর্তনের ফলে কোন ঝুঁকি তৈরি হয়?**

A. কোম্পানি ঝুঁকি
B. তারল্য ঝুঁকি
C. বাজার ঝুঁকি
D. আর্থিক ঝুঁকি

**C Explanation** দেশের আর্থ সামাজিক ও রাজনৈতিক অবস্থার পরিবর্তন কোম্পানি নিয়ন্ত্রণ করতে পারে না। তথাপি বাজার ঝুঁকিও কোম্পানি নিয়ন্ত্রণ করতে পারে না।

**66. অ্যানুইটির ক্ষেত্রে -----**

A. প্রতিটি কিস্তির পরিমাণ সমান থাকে।
B. প্রতি কিস্তির পরিমাণ প্রথমদিকে কম ও পরে বেশি হয়।
C. প্রতি কিস্তির পরিমাণ প্রথমদিকে বেশি ও পরে কম হয়।
D. প্রতি কিস্তির পরিমাণ ক্রমান্বয়ে একটি নির্দিষ্ট হারে বাড়ে।

**A Explanation** অ্যানুইটির হলো একটি নির্দিষ্ট সময়ের জন্য সমপরিমাণ নগদ প্রবাহের ধারা।

**67. বিনিময় বিল হচ্ছে -----।**

A. শর্তসাপেক্ষে অর্থ প্রদানের আদেশ
B. শর্তসাপেক্ষে অর্থ প্রদানের অঙ্গীকার
C. অর্থ প্রদানের শর্তহীন আদেশ
D. অর্থ প্রদানের শর্তহীন অঙ্গীকার

**C Explanation** বিনিময় বিল হলো এককটি দলিল যেখানে একজন ব্যক্তি অপর ব্যক্তিকে ভবিষ্যত কোন তারিখে নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদানের জন্য শর্তহীন আদেশ প্রদান করে।

**68. নিচের কোনটিকে বাতিল চেক বলে গণ্য করা হয়?**

A. পরবর্তী তারিখের চেক
B. পূর্ব-তারিখের চেক
C. বাসি চেক
D. হারানো চেক

**C Explanation** চেক লেখার তারিখ থেকে ৬ মাস / ১৮০ দিন পরে উক্ত চেক বাসি চেকে পরিণত হয় যা ব্যাংকে উপস্থাপন করলে বাতিল/বাসি চেক বলে গণ্য হবে।

**69. ব্যাংকের নগদ জমার হার বৃদ্ধির ফলে নিচের কোনটি ঘটে?**

A. মূল্যস্ফীতির নিয়ন্ত্রণ
B. মূল্যস্ফীতির বৃদ্ধি
C. ব্যাংকসমূহের ঋণ প্রদানের সামর্থ্য বৃদ্ধি
D. অর্থ সরবরাহ বৃদ্ধি

**A Explanation** নগদ জমার হার বৃদ্ধির সালে পূর্বের তুলনায় বেশি পরিমাণ অর্থ সরকার/ বাংলাদেশ ব্যাংকের নিকট জমা হয় সালে বাণিজ্যিক ব্যাংকের ঋণ প্রদাণের পরিমাণ হ্রাস পায়, অর্থ সরবরাহ হ্রাস পায় এবং মুদ্রাস্ফীতি বৃদ্ধিরও কোনো সুযোগ নেই কারণ বাজার অর্থ সরবরাহ কম। সুতরাং সঠিক উত্তর হবে মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ।

**70. বাংলাদেশে নিচের কোনটি বিশেষায়িত ব্যাংক নয়?**

A. বাংলাদেশ কৃষি ব্যাংক
B. রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
C. প্রবাসী কল্যান ব্যাংক
D. কর্মসংস্থান ব্যাংক

**D Explanation** **বাংলাদেশ বিশেষয়িত ব্যাংক ৩ টি যথা:**
১. বাংলাদেশ কৃষি ব্যাংক
২. রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
৩. প্রবাসী কল্যাণ ব্যাংক

71. **নিচের কোন নীতি সব ধরনের জীবন ও সম্পত্তি বিমার ক্ষেত্রে প্রযোজ্য?**
A. আর্থিক ক্ষতিপূরণের নীতি
B. প্রত্যক্ষ কারণের নীতি
C. আনুপাতিক অংশগ্রহণের নীতি
D. স্থলাভিষিক্তকরণ নীতি

**B Explanation** প্রতক্ষ্য কারণ নীতি ব্যক্তির জীবন ও সম্পত্তির সাথে সরাসরি জড়িত। কারণ সম্পত্তি/ব্যক্তির উপর আর্থিক স্বার্থ না থাকলে বিমা করা যায় না।

72. **কোন ধরনের জীবন বিমায় ঋন সুবিধা পাওয়া যায়?**
A. মেয়াদি B. সাময়িক
C. গোষ্ঠী D. অ্যানুইটি

**A Explanation** মেয়াদী বিমাকে জামাণত হিসেবে রেখে ঋণ সুবিধা পাওয়া যায় কারণ মেয়াদী জীবন বিমা তুলনামূলক দীর্ঘ সময়ের জন্য করা হয়।

## Written Part

### ইংরেজি

01. **Translate the following sentences to English:**
**(a) তুমি বরং বাড়ী যাও।**
উত্তর You had better go home.
**(b) মানুষের অদম্য জ্ঞানতৃষ্ণা রয়েছে।**
উত্তর Human beings have an unquenchable thirst for knowledge.
**(c) আমি যদি পাখি হতাম!**
উত্তর I whish I were a bird!
**Or,** Had I been a bird!
**(d) তুমি যতক্ষণ না ফের, ততক্ষণ আমি অপেক্ষা করব।**
উত্তর I will wait until you return.
**Or,** I will wait until you come back.
**(e) আমরা না হেসে পারলাম না।**
উত্তর We couldn't but laugh.
**Or,** We couldn't helf laughing.

02. **Error Correction: Identify and correct the errors inn the following sentences**
**(i) The scientist, as well as the research team, were rewarded for the important discovery.**
উত্তর The scientist, as well as the research team, <u>was</u> rewarded for the important discovery.
**(i) Neither the owner of the factory, nor his manager, have been responsible for the accident.**
উত্তর Neither the owner of the factory, nor his manager, <u>has</u> been responsible for the accideent.
**(ii) Each of the students were given an opportunity to tgo abroad for training.**
উত্তর Each of the students <u>was</u> given an opportunityy to go abroad for training.
**(iii) Can you speak the Spanish?**
উত্তর Can you speak <u>Spanish</u>?
**(iv) The police are looking at the case.**
উত্তর The police are looking <u>into</u> the case.
**(v) The cat laid on the sofa all day.**
উত্তর The cat <u>lay</u> on the sofa all day.
**(vi) I feel in the weather and don't want to go out.**
উত্তর I feel <u>under</u> the weather and don't want to go out.
**(vii) The shepherd took his sheeps to the field.**
উত্তর The shepherd took his <u>sheep</u> to the field.
**(viii) Despite of the challenges, the project was completed on time.**
উত্তর <u>Despite the challenges</u>, the project was completed on time.
**(v) The consequences of the economic downtrun has been felt across various industries.**
উত্তর The consequences of the economic downtrun <u>have</u> been felt across various industries.

### বাংলা

03. **Translate the following sentences to Bangla:**
**(a) We went out to play football inspite of the rain.**
উত্তর বৃষ্টি সত্ত্বেও আমরা ফুটবল খেলতে বেরিয়েছিলাম।
**(b) They admitted having stolen the money.**
উত্তর তারা টাকা/অর্থ চুরি করার কথা স্বীকার করল।
**(c) Climate change is real, and its impacts are felt in all regions of the earth.**
উত্তর জলবায়ু পরিবর্তন বাস্তব এবং এর প্রভাব পৃথিবীর সমস্ত অঞ্চলে অনুভূত হয়।
**(d) We really should be careful about choosing friends.**
উত্তর বন্ধু নির্বাচনের ক্ষেত্রে আমাদের সত্যিই সতর্ক থাকা উচিত।
**(e) No one can predict the future.**
উত্তর কেউ ভবিষ্যৎ অনুমান করতে পারে না।

04. **ভুল সংশোধন: নিচের বাক্যগুলোর বানান ও ব্যাকরণগত ত্রুটি সংশোধন কর। বাক্যে কোনো শব্দ সংযোজন বা বিয়োজন করা যাবে না।**
**(i) মিষ্টির হাঁড়িতে পিপিলিকার সারি দেখে তিনি অবাক হলেন।**
উত্তর মিষ্টির হাঁড়িতে <u>পিপীলিকার</u> সারি দেখে তিনি অবাক হলেন।
**(ii) যেসকল শিক্ষার্থীরা পরীক্ষা দিবেন তারাই শুধু কামরায় ঢুকবেন।**
উত্তর <u>যে</u> শিক্ষার্থীরা পরীক্ষা দিবেন তারাই শুধু কামরায় ঢুকবেন।
**(iii) মুমুর্ষ রোগীর বোন হতাশ চোখ তাকিয়ে আছেন।**
উত্তর <u>মুমূর্ষু</u> রোগীর বোন হতাশ চোখ তাকিয়ে আছেন।
**(iv) সব সময় সৌজন্যতা দেখানো উচিত।**
উত্তর সব সময় <u>সৌজন্য</u> দেখানো উচিত।

**(v) তিনি উদ্ধতপূর্ণ আচরণ করে সবাইকে হতবাক করে দিলেন।**

উত্তর তিনি উদ্ধত আচরণ করে সবাইকে হতবাক করে দিলেন।

**(vi) দারিদ্র অসম্মানের নয়, বরং ধনের অহমিকাই ব্যক্তিকে হীন করে তুলে।**

উত্তর দারিদ্র্য অসম্মানের নয়, বরং ধনের অহমিকাই ব্যক্তিকে হীন করে তুলে।

**(vii) বিবাদমান দুই পক্ষ অবশেষে সন্ধি স্থাপনে সম্মত হলো।**

উত্তর বিবদমান দুই পক্ষ অবশেষে সন্ধি স্থাপনে সম্মত হলো।

**(viii) প্রশ্নের ডান পাশে উল্লিখিত সংখ্যা মান নির্দেশক।**

উত্তর প্রশ্নের ডান পাশে উল্লিখিত সংখ্যা পূর্ণমান নির্দেশক।

**(ix) মাছ দিয়ে শাক ঢাকা যায় না।**

উত্তর শাক দিয়ে মাছ ঢাকা যায় না।

**(x) একটি গোপন কথা বলি।**

উত্তর একটি গোপনীয় কথা বলি।

## হিসাববিজ্ঞান

**05. একটি কোম্পানির একটি নির্দিষ্ট হিসাব বছরে নিট বিক্রয় ১,৭৫,০০০ টাকা, নিট আয় ৯৫,০০০ টাকা, মোট সম্পত্তির প্রারম্ভিক ও সমাপনী জের যথাক্রমে ৩,০০,০০০ টাকা এবং ৪,০০,০০০ টাকা হলে কোম্পানির সম্পত্তির আবর্তন অনুপাত কত?**

উত্তর সম্পত্তির আবর্তন অনুপাত $= \frac{\text{নিট বিক্রয়}}{\text{গড় সম্পত্তি}}$

[বিশেষ দ্রষ্টব্য: গড় সম্পত্তি = প্রারম্ভিক সম্পদ + সমাপনী সম্পদ ÷ ২]

$= \frac{১,৭৫,০০০}{(৩,০০,০০০ + ৪,০০,০০০) \div ২}$

$= \frac{১,৭৫,০০০}{৩,৫০,০০০}$

= ০.৫

**06. রেওয়ামিলে সাপ্লাইজ খরচ দেখানো হয়েছে ৩,৫০০ টাকা। বছর শেষে যদি ১,৫০০ টাকার অব্যবহৃত সাপ্লাইজ হাতে থাকে, তবে সমন্বয় দাখিলা কী হবে?**

উত্তর সাপ্লাইজ ডেবিট - ১,৫০০

সাপ্লাইজ খরচ ক্রেডিট - ১,৫০০

**07. ধারে ক্রয়কৃত ১০,০০০ টাকা যন্ত্রপাতি ভুলবশত বিক্রয় হিসাবে ক্রেডিট করা হয়েছে। এই ভুলের সংশোধনী জাবেদা কী হবে?**

উত্তর বিক্রয় হিসাব —— ডেবিট ১০,০০০

যন্ত্রপাতি সরবরাহকারী/বিক্রেতা হিসাব —— ক্রেডিট ১০,০০০

**08. কোনো প্রতিষ্ঠানে উৎপাদিত পণ্যের প্রারম্ভিক মজুদ ১,০০০ একক, সমাপনী মজুদ ৮০০ একক এবং বিক্রয় ৬,২০০ একক। যদি উৎপাদন ব্যয় ৩০,০০০ টাকাহয়, তবে উৎপাদিত পণ্যের একক প্রতি মূল্য কত?**

উত্তর একক প্রতি উৎপাদন ব্যয়

$= \frac{\text{উৎপাদন ব্যয়}}{\text{উৎপাদন একক}}$

$= \frac{৩০,০০০}{৬,০০০}$

= ৫ টাকা।

উৎপাদন ব্যয় = ৩০,০০০ (প্রশ্নমতে)

উৎপাদন পণ্যের একক = সমাপনী একক + বিক্রয় একক – প্রারম্ভিক একক = (৮০০+ ৬,২০০ – ১,০০০) একক

= ৭,০০০ – ১,০০০ একক

= ৬,০০০ একক

**09. হিসাববিজ্ঞানের কোন ধারণা বা নীতি অনুযায়ী স্থায়ী সম্পদের উপর অবচয় ধার্য করা হয়?**

উত্তর চলমান প্রতিষ্ঠান ধারণা অনুযায়ী অবচয় ধার্য করা হয়।

**10. অবলোপন কোন ধরনের সম্পত্তির উপর ধার্য করা হয়?**

উত্তর অবলোপন অস্পর্শনীয় স্থায়ী সম্পত্তি/ অদৃশ্যমান সম্পত্তির উপর ধার্য করা হয়।

**11. একটি কোম্পানির যথাক্রমে পণ্যের একক প্রতি বিক্রয়মূল্য, একক প্রতি পরিবর্তনশীল ব্যয় এবং স্থায়ী ব্যয় যথাক্রমে ১০০ টাকা, ৫০ টাকা ও ৭,০০০ টাকা। যদি বিক্রয় ৫০,০০০ টাকার হয়, তবে নিরাপত্তা প্রান্ত কত হবে?**

উত্তর সমচ্ছেদ বিক্রয় (একক) $= \frac{\text{স্থায়ী ব্যয়}}{\text{একক প্রতি অনুদান খরচ}}$

$= \frac{৭,০০০}{১০০ - ৫০}$

= ১,৪০০ টাকা

[**বিশেষ দ্রষ্টব্য:** অনুদান প্রান্ত = বিক্রয় – পরিবর্তনশীল ব্যয়]

সমচ্ছেদ বিন্দু (টাকা) = সমচ্ছেদ বিন্দু একক × একক প্রতি বিক্রয় মূল্য = ১,৪০০ × ১০০

= ১৪,০০০ টাকা

নিরাপত্তা প্রান্ত = মোট বিক্রয় – সমচ্ছেদ বিক্রয়

= ৫০,০০০ – ১৪,০০০

= ৩৬,০০০

**12. একটি প্রতিষ্ঠান নগদ ৮০,০০০ টাকা দিয়ে ভূমি ক্রয় করল। ভূ-সম্পত্তির দালালের কমিশন বাবদ ৫,০০০ টাকা প্রদান করা হলো এবং নতুন দালান নির্মাণের জন্য পুরানো দালান ভেঙ্গে ফেলা বাবদ খরচ হলো ৭,০০০ টাকা। ক্রয়মূল্য নীতি অনুযায়ী, ভূমির মূল্য কত লিপিবদ্ধ করা হবে?**

উত্তর ক্রয় মূল্য নীতি অনুযায়ী স্থায়ী সম্পত্তির অর্জন মুল্যে লিপিবদ্ধ করতে হয়।

এখানে, ভূমি অর্জন মূল্য হলো

| | |
|---|---|
| নগদে ক্রয় | = ৮০,০০০ |
| কমিশন খরচ | = ৫,০০০ |
| পুরানো দালান ভেঙ্গে ফেলার খরচ | = ৭,০০০ |
| মোট মূল্য | = ৯২,০০০ |

## ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা

**13. স্বল্প মেয়াদে একটি কাজ কে, কোথায় এবং কীভাবে সম্পাদন করবে তা বিশদ বিবরণ কোন পরিকল্পনার সাথে জড়িত?**

উত্তর একার্থক পরিকল্পনা।

**14. হেনরি ফেয়ল কর্তৃক প্রদত্ত কোন নীতির মাধ্যমে 'নির্দেশনার অধিক্রমণ' প্রতিরোধ করা হয়?**

উত্তর নির্দেশনার ঐক্য।

**15. কার্য সম্পাদনের কাল, শুরু ও শেষ নিয়ন্ত্রণের কোন কৌশলের মাধ্যমে প্রকাশ করা হয়?**

উত্তর গ্যান্ট চার্ট।

**16. কোন প্রকারের সংগঠন কাঠামো পেশাগত বিশেষায়ণকে ত্বরান্বিত করে?**

উত্তর কার্যভিত্তিক সংগঠন।

**17. একটি সমবায় সমিতিতে সদস্যদের মূলধনের পরিমাণ যাই হোক না কেন সবাই একটি ভোটের অধিকারী - এই বিবৃতিতে সমবায়ের কোন নীতি প্রতিষ্ঠিত হয়েছে?**

উত্তর সাম্যের নীতি।

**18. কোন প্রকারের নেতৃত্বে কর্মীদের কার্যসম্পাদনের জন্য সিদ্ধান্ত গ্রহণের স্বাধীনতা প্রদান করা হয়?**

উত্তর মুক্ত বা লাগামহীন নেতৃত্ব।

**19. একটি ব্যবসায়ের মিশন স্টেটমেন্ট- এর লক্ষ্য কী?**

উত্তর সমগ্রিক লক্ষ্য বা উদ্দেশ্য প্রকাশ করা।

**20. কোন গ্লোবাল কৌশলের মাধ্যমে একটি ফার্ম অন্য কোনো বিদেশি ফার্মকে ফি প্রদানের বিনিময়ে তার পণ্য উৎপাদন ও বিক্রয় করার অনুমতি প্রদান করে?**

উত্তর ফ্রাঞ্চাইজিং।

## উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন

**21. বর্তমান ও ভবিষ্যৎ ক্রেতার সমষ্টিকে কী বলে?**

উত্তর বাজার।

**22. ভোক্তাদের দৃষ্টিকোণ থেকে বিপণন মিশ্রণে প্রসার উপাদানটি কীভাবে বিবেচিত হয়?**

উত্তর যোগাযোগ।

**23. পণ্যের প্রকৃতি অনুসারে পণ্যকে বিভিন্ন অংশে ভাগ করাকে কী বলে?**

উত্তর পণ্যের শ্রেণীবিভাগ।

**24. বিপণন মিশ্রণের কোন উপাদানটিকে আয়ের একমাত্র উৎস হিসেবে বিবেচনা করা হয়?**

উত্তর মূল্য।

**25. "পরবর্তীতে বিক্রয় বা ব্যবহারের জন্য সেবাসমূহ সংরক্ষণ করা যায় না" - এটি সেবার কোন বৈশিষ্ট্যের অর্ন্তভুক্ত?**

উত্তর পচনশীলতা/ নশ্বরতা

**26. কোনো পণ্য বা সেবা একজন ব্যক্তি বা কোম্পানির পছন্দ বা প্রয়োজন অনুযায়ী পরিবর্তন করার কাজকে বলা হয় —।**

উত্তর ক্রেতা কেন্দ্রিকতা/ কাস্টমাইজেশন।

**27. একটি পদ্ধতি যেখানে পণ্য, সেবা ও ব্যবসায় প্রক্রিয়ার মান নিরবচ্ছিন্নভাবে উন্নয়নের জন্য কোম্পানির সকল লোক কাজ করে তাকে বলা যায়-**

উত্তর সার্বিক মান ব্যবস্থাপনা।

**28. পণ্য সম্পর্কিত তথ্য সংগ্রহ, বিশ্লেষণ, ব্যাখ্যা ও প্রতিবেদন প্রণয়নকে বলা হয় —।**

উত্তর বাজার গবেষণা।

## ফিন্যান্স ব্যাংকিং ও বিমা

**29. নিট বর্তমান মূল্য পদ্ধতির ভিত্তিতে একটি প্রকল্প কখন গ্রহণযোগ্য হয়?**

উত্তর প্রকল্পটি যখন ধনাত্মক হয়।

**30. মেঘনা কোম্পানি আজ থেকে এক বছর পর শেয়ার প্রতি ১২.৫ টাকা হারে লভ্যাংশ প্রদান করবে। কোম্পানির প্রত্যাশিত লভ্যাংশ বৃদ্ধির বার্ষিক হার ৫ শতাংশ। শেয়ারের বাজার মূল্য ১২৫ টাকা হলে কোম্পানির শেয়ারের ব্যয় কত হবে?**

উত্তর
$$Ke = \left(\frac{D_1}{P_0} + g\right) \times 100$$
$$= \left(\frac{12.5}{125} + 0.05\right) \times 100$$
$$= (0.10 + 0.05) \times 100$$
$$= 0.15 \times 100$$
$$= 15\%$$

**31. অর্থের বর্তমান মূল্যের সূত্র অনুযায়ী কত সুদের হারে কোন নির্দিষ্ট নগদ প্রবাহের বর্তমান-মূল্য ভবিষ্যৎ মূল্যের সমান হবে?**

উত্তর ০%।

**32. সম্পদ সর্বোচ্চকরণ কী?**

উত্তর শেয়ারের বর্তমান বাজার মূল্য বৃদ্ধি।

**33. চেকে একবার দাগ কাটার পর কে তা প্রত্যাহার করতে পারে?**

উত্তর আদেষ্টা।

**34. কোন হস্তান্তরযোগ্য দলিল একই পক্ষের নিকট দুইবার উপস্থাপন করতে হয়?**

উত্তর বিনিময় বিল।

**35. কোন নীতির ভিত্তিতে স্বামী তার স্ত্রীর জীবনের ওপর জীবন বিমা করতে পারে?**

উত্তর বিমাযোগ্য স্বার্থের নীতি।

**36. "মৃত্যুহার পঞ্জি" সর্বপ্রথম কে প্রস্তুত করেন?**

উত্তর এডমন্ড হ্যালি।

# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ২০২৩-২৪
## (বিজনেজ স্টাডিজ অনুষদ)

পূর্ণমান- ১০০ সময়- ১ ঘন্টা ৩০ মিনিট

E-ইউনিট সেট কোট-K

### বাংলা

**01. রবীন্দ্রনাথ ঠাকুর রচিত সর্বশেষ গল্পটির নাম কি?**

A. মুক্তধারা B. সে
C. মুসলমানীর গল্প D. ভিখারিণী

(C) Explanation: রবীন্দ্রনাথ ঠাকুর রচিত প্রথম গল্পের নাম ভিখারিণী (১৮৭৪) এবং সর্বশেষ গল্পের নাম মুসলমানীর গল্প (১৯৪১)

**তাঁর বিখ্যাত কাব্যগ্রন্থগুলো:** সোনার তরী, চিত্রা, ক্ষণিকা, বলাকা, পুনশ্চ, জন্মদিনে, শেষ লেখা ইত্যাদি।

**কাব্যনাট্য, বিসর্জন ও চিত্রাঙ্গদা এবং কাহিনী কবিতার সংকলন 'কথা ও কাহিনি' তাঁর ভিন্ন স্বাদের রচনা।**

**02. সাহিত্য সম্রাট নামে খ্যাত নিচের কোন লেখক?**

A. রবীন্দ্রনাথ ঠাকুর B. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
C. বিহারীলাল চক্রবর্তী D. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

(B) Explanation: বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়- সাহিত্য সম্রাট।

বিহারীলাল চক্রবর্তী - ভোরের পাখি
রবীন্দ্রনাথ ঠাকুর বাংলা ছোটগল্পের জনক
ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর - বাংলা গদ্যের জনক।
আলাওল মহাকবি
সুকান্ত ভট্টাচার্য - কিশোর কবি
শামসুর রাহমান - নাগরিক কবি

**03. নিচের কোনটি কাজী নজরুল ইসলামের প্রবন্ধ?**

A. বাঁধনহারা B. কুহেলিকা
C. যুগবাণী D. রিক্তের বেদন

(C) Explanation: বাঁধনহারা, কুহেলিকা, মৃত্যুক্ষুধা তাঁর লেখা উপন্যাস। গল্পগ্রন্থ: শিউলিমালা, রিক্তের বেদন, ব্যথার দান।
প্রবন্ধগ্রন্থ: যুগবানী, দুর্দিনের যাত্রী, রুদ্রমঙ্গল।

**04. 'বেমক্কা'- শব্দের অর্থ-**

A. অসংগত B. সুদক্ষিণা C. মুখর D. অতি শ্রদ্ধেয়

(A) Explanation: বেমক্কা শব্দের অর্থ অসংগত।

**মাসি-পিসি গল্পের কতিপয় শব্দার্থ:**

সালতি - শালকাঠ নির্মিত বা তালকাঠের সরু ডোঙা বা নৌকা
লগি - হাত ছয়েক লম্বা সরু বাঁশ
কাটারি - কাটবার অস্ত্র
রসুই চালা - যে চালার নিচে রান্না করা হয়। রান্নাঘর
পাঁশুটে - ছাই বর্ণবিশিষ্ট। পাণ্ডুর, ফ্যাকাশে।

**05. প্রমথ চৌধুরী সম্পাদিত মাসিক 'সবুজপত্র' পত্রিকার কোন সংখ্যায় 'অপরিচিতা' প্রথম প্রকাশিত হয়?**

A. কার্তিক B. পৌষ C. বৈশাখ D. শ্রাবণ

(A) Explanation: 'অপরিচিতা' প্রথম প্রকাশিত হয় প্রমথ চৌধুরী সম্পাদিত মাসিক 'সবুজপত্র' পত্রিকার ১৩২১ বঙ্গব্দের কার্তিক সংখ্যায়। এটি প্রথম গ্রন্থভুক্ত হয় রবীন্দ্রগল্পের সংকলন "গল্পসপ্তক-এ এবং পরে 'গল্পগুচ্ছ' তৃতীয় খণ্ডে (১৯২৭)।

**06. 'বিলাসী' গল্পটি প্রথম প্রকাশিত হয় কোন পত্রিকায়?**

A. ভারতী B. সবুজপত্র C. তত্ত্ববোধিনী D. বঙ্গদর্শন

(A) Explanation: শরৎচন্দ্রের 'বিলাসী' গল্পটি প্রথম প্রকাশিত হয়। ভারতী পত্রিকায় ১৩২৫ বঙ্গাব্দের (১৯১৮ খ্রিস্টাব্দে) বৈশাখ সংখ্যায়। ন্যাড়া নামের এক যুবক নিজের জবানিতে বিবৃত হয়েছে এ গল্প। এই গল্পে শরৎচন্দ্রের প্রথম জীবনের কাহিনী ছায়াপাত ঘটে। বিলাসী গল্পে বর্ণিত হয়েছে দুই মানব-মানবীর চরিত্রের অসাধারণ প্রেমের মহিমা, যা ছাপিয়ে উঠেছে জাতিগত সংকীর্ণ সীমা।

**07. "আমি কবি এবং কবিতার কথা বলছি'-অংশটুকু কোন লেখার?**

A. আমি কিংবদন্তির কথা বলছি B. আঠারো বছর বয়স
C. সাম্যবাদী D. জীবন বন্দনা

(A) Explanation: প্রশ্নোক্ত লাইনটি আবু জাফর ওবায়দুল্লাহ রচিত আমি কিংবদন্তির কথা বলছি কবিতার। কবিতাটির কতিপয় চরণ:

আমি আমার পূর্বপুরুষের কথা বলছি।
তাঁর করতলে পলিমাটির সৌরভ ছিল
তাঁর পিঠে রক্তজবার মতো ক্ষত ছিল।
.....
জিহ্বায় উচ্চারিত প্রতিটি সত্য শব্দ কবিতা
কর্ষিত জমির প্রতিটি শস্যদানা কবিতা
.....
যে কবিতা শুনতে জানে না
সে দিগন্তের অধিকার থেকে বঞ্চিত হবে।
.....

**08. "শুকনরা উড়ে এসে বসেছে পাতাশূন্য গাছটায়"-উক্তিটি কোন লেখার অন্তর্গত?**

A. মাসি-পিসি B. বিলাসী C. আত্মচরিত D. বিড়াল

(A) Explanation: প্রশ্নোক্ত লাইনটি মানিক বন্দ্যোপাধ্যায়ের লেখা 'মাসি-পিসি' গল্পের অন্তর্গত। এ গল্পের গুরুত্বপূর্ণ কিছু তথ্য:

- মাসি-পিসিকে এক মন এক প্রাণ হতে সবচেয়ে বেশি ভূমিকা রাখে - ব্যবসায়িক সম্পর্ক।
- পুলটি ছিল কংক্রিটের তৈরি।
- মোদ্দা কথা - মূল কথা
- জগুর সাথে কৈলেশের দেখা হয়েছিল চায়ের দোকানে।
- কানাইয়ের সাথে গোকুলের তিনজন পেয়াদা এসেছিল।
- কানাই পেশায় ছিলেন চৌকিদার।